# 21645 - অক্ষম ও হায়েযগ্রস্ত নারীর বিদায়ী তাওয়াফ করার বিধান

## প্রশ্ন

হায়েয ও নিফাসগ্রস্ত নারী, অক্ষম ও অসুস্থ ব্যক্তির উপরে কি বিদায়ী তাওয়াফ করা অনিবার্য।

## প্রিয় উত্তর

হায়েযগ্রস্ত ও নিফাসগ্রস্ত নারীর উপর বিদায়ী তাওয়াফ নেই। আর অক্ষম ব্যক্তিকে বহন করে তাওয়াফ করানো হবে। অনুরূপভাবে অসুস্থ ব্যক্তিকেও করানো হবে। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন "তোমাদের কেউ ততক্ষণ পর্যন্ত বর্হিগমন করবে না যতক্ষণ না তার সর্বশেষ সম্পর্ক হয় বায়তুল্লাহ্‌র সাথে।" এছাড়া সহিহ বুখারী ও সহিহ মুসলিমে ইবনে আব্বাস (রাঃ) থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি বলেন: "লোকদেরকে নির্দেশ দেয়া হত তাদের সর্বশেষ কাজ যেন হয় বায়তুল্লাহর সাথে। তবে হায়েযগ্রস্ত নারীর ক্ষেত্রে শিথিল করা হয়েছে।" অপর এক হাদিসে এসেছে, নিফাসগ্রস্ত নারীগণের উপর হায়েযগ্রস্ত নারীগণের ন্যায় বিদায়ী তাওয়াফ নেই্।